

মিডিয়া রিলিজ

দিল্লীর উচ্চ আদালতের ডিভিশন বেঞ্চ ললিত মোদির বিরুদ্ধে সমস্ত আদেশ থারিজ করেছে এবং পাসপোর্ট প্রত্যাপন করেছে

মুম্বাই, আগস্ট 29, 2014: মাননীয় বিচারপতি বাদার দুরেজ আহমেদ এবং মাননীয় বিচারপতি বিভূ বাখরুকে নিয়ে গঠিত দিল্লীর উচ্চ আদালতের ডিভিশন বেঞ্চ দ্বারা পাশ করা ঐতিহাসিক রায়ে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ বা আইপিএল-এর প্রতিষ্ঠাতা ও প্রধান স্থপতি এবং রাজস্থান ক্রিকেট অ্যাসোসিয়েশনের সভাপতি শ্রী ললিত মোদির বিরুদ্ধে আজ সমস্ত আদেশ থারিজ করেছে এবং তাঁর পাসপোর্ট প্রত্যাপন করেছে, এবং এছাড়াও, শ্রী ললিত মোদির ভারতে নিজের গৃহে ফিরে আসা সম্ভবপর করেছে।

শ্রী মোদির পাসপোর্ট প্রত্যাপন করে বেঞ্চ বলেন যে, প্রত্যাহারের আদেশটি অবৈধ ছিল এবং পাসপোর্ট প্রত্যাহারের জন্য মানেকা গান্ধীর মামলায় পরিকল্পিত পরীক্ষায় উত্তীর্ণ হতে এটি ব্যর্থ হয়েছিল। বেঞ্চ আরোও বলে যে শ্রী ললিত মোদির পাসপোর্ট প্রত্যাহারকারী আদেশটি অবৈধ ছিল কারণ এটি এমন কিছু বিষয় দ্বারা প্রভাবিত হয়েছিল যেগুলি অনুপযুক্ত এবং অপ্রাসঙ্গিক এবং সেখানে এমন কোনও গুরুতর সমস্যা কথা জানা যায়নি যা পাসপোর্ট প্রত্যাহারকে ন্যায়সঙ্গত প্রমাণ করে। বেঞ্চ উল্লেখ করেছে যে, শ্রী ললিত মোদি সমস্ত নথিপত্র প্রদান করেছেন যা তাঁর কাছে চাওয়া হয়েছে এবং ভিডিও কথোপকথনের মাধ্যমে পরীক্ষা দেওয়ার প্রস্তাব দিয়েছেন, সুতরাং প্রত্যাহারের আদেশটি আইনসম্মত ছিল না।

এছাড়াও বেঞ্চ বলেন যে, ফেমা(এফইএমএ)-এর সমন পালন না করা বা খেলাপের জন্য একটি নির্দিষ্ট পদ্ধতি বা বিধিবদ্ধ প্রবিধান আছে এবং জনগণের স্বার্থের ভিত্তিতে এইরূপ খেলাপের জন্য তাঁর পাসপোর্ট প্রত্যাহার করা আইনসম্মত ছিল না।

আজ দিল্লীর উচ্চ আদালতের ডিভিশন বেঞ্চ দ্বারা পাশ করা ঐতিহাসিক রায়ের বিষয়ে মন্তব্য করতে গিয়ে শ্রী ললিত মোদি, আইপিএল-এর প্রতিষ্ঠাতা ও প্রধান স্বপতি এবং রাজস্থান ক্রিকেট অ্যাসোসিয়েশনের সভাপতি বলেন যে “এটি একটি দীর্ঘ এবং কষ্টকর লড়াই ছিল এবং আজ আমি নির্দোষ প্রমাণিত। আমি সবসময় আমাদের আইনি ব্যবস্থার উপর আস্থা রেখেছি এবং অবশেষে ন্যায়ের জয় হয়েছে। কার্যতে প্রত্যেকটি মামলা যা মিথ্যার উপর ভিত্তি করে গঠিত সেগুলি আমাদের আইনি ব্যবস্থায় ঠাই পায় না এবং এর জন্য আমি কৃতজ্ঞ। আমি সবসময় বলে এসেছি যে আমি ভারতে ফিরতে আগ্রহী এবং বিলম্ব না করে তাড়াতাড়ি ফিরতে চাই। আমাদের প্রিয় খেলা ক্রিকেটকে নিষ্কলুষ রাখার খাতিরে এবং যা এতে বাধা সৃষ্টি করবে সে সব কিছুই বিরুদ্ধে আমি আমার লড়াই বজায় রাখব”।

এই বছরের গোড়ার দিকে শ্রী ললিত মোদি রাজস্থান ক্রিকেট অ্যাসোসিয়েশনের সভাপতি নির্বাচিত হয়েছিলেন। এই রায় এবং তাঁর পাসপোর্ট প্রত্যাপনের ফলে ভারতে ললিত মোদির ফিরে আসার আর কোনও প্রতিবন্ধকতা নেই।

এছাড়াও এই বছরের গোড়ায় ফ্রেঙ্কফার্মিতে মাননীয় মুম্বাই উচ্চ আদালতের ডিভিশন বেঞ্চ, শ্রী ললিত মোদির বিরুদ্ধে ফয়সালা মামলা পরিচলনা করতে ইডি(এনফোর্সমেন্ট ডিরেকটরেট) কর্তৃক গঠিত মতামত খারিজ করে। বিচারপতি ভাজিফদার এবং বিচারপতি কোলাবাওয়ালাকে নিয়ে গঠিত বেঞ্চ দুটি অভিযোগে বিষয়টি অনুমোদন করেন। দুটি অভিযোগ হচ্ছে, নৈতিক ন্যায়ের নীতির উল্লঙ্ঘন যেখানে অধিকাংশ নথিপত্র যেগুলির উপর এজেন্সী নির্ভর করেছিল সেগুলি সরবরাহ করা হয়নি এবং যে মতামতটি পেশ করা হয়েছিল তা সম্পূর্ণরূপে অযৌক্তিক। এরপরে আদালত একটি নতুন শো কজ বা কারণ দর্শানোর বিজ্ঞপ্তি জারি করতে ইডি-কে একটি বিকল্প জানায় যা করা হয়নি।